

প্রথম খালো

**ইসলামী বিশ্ববিদ্যালয়
সহ-উপাচার্যকে
অব্যাহতি**

নিজস্ব প্রতিবেদক

আন্দোলনের মুখে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম আলীউদ্দিনকে অব্যাহতি দেওয়ার পাঁচ দিনের মাঝায় গতকাল মঙ্গলবার সহ-উপাচার্য কামাল উদ্দিনকেও অব্যাহতি দিয়েছে সরকার। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মোহাম্মদ জিহুর রহমান এ বিষয়ে অনুমোদন দিয়েছেন।

শিকা মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করে গতকাল প্রথম জগ্নেকে বলেন, আনুষ্ঠানিকতার জন্য আজ বুধবার প্রজ্ঞাপন জারি করবে মন্ত্রণালয়। এই কর্মকর্তা বলেন, আগতত সেখানে সহ-উপাচার্য দেওয়া হবে না।

নতুন উপাচার্যের যোগদান :
নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক আবদুল হাকিম সরকার বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, গতকাল সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের ১১তম উপাচার্য হিসেবে আবদুল হাকিম সরকার যোগদানপত্র স্বাক্ষর করে দায়িত্ব গ্রহণ করেন।